বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়।
৮৩-৮৫, মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
**ঋণ আদায় বিভাগ।**

পরিবেশ বান্ধব ব্যাংকিং করুন

ফোন ঃ ০২-৯৫৬৩১৬৫
Email:dgmrecovery@krishibank.org.bd

নং প্রকা/আদায়-৮(৫৯)/২০১৯-২০২০/৪১১(১২০০)

তারিখঃ ৩০-০৯-২০১৮ খ্রিঃ

মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয়
মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়
উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয়ঃ ২০১৯-২০২০ অর্থ বছরের জন্য প্রণীত বার্ষিক ঋণ আদায় ক্যালেন্ডার অনুযায়ী ঋণ আদায়ের বিশেষ কর্মসূচি গ্রহণ ও ঋণ আদায় ক্যাম্প/মহাক্যাম্প আয়োজন প্রসংগে।**

প্রিয় মহোদয়,

বাংলাদেশ কৃষি ব্যাংকের ২০১৮-২০১৯ অর্থ বছরে শ্রেণীকৃত ঋণ, শ্রেণীযোগ্য ঋণ আদায় লক্ষ্যমাত্রা ১০০% অর্জিত না হওয়ায় ৩০-০৬-২০১৯ সূত্র তারিখে শ্রেণীকৃত ঋণ স্থিতির পরিমাণ ও হার ৩০-০৬-২০১৮ সূত্র তারিখের তুলনায় কাংখিত পরিমাণ হ্রাস পায়নি। পুনঃতফসিলিকৃত ঋণের উপর ধার্যকৃত সুদ আয় খাতে হিসাবভুক্ত করতে না পারায়, ৫২-স্থগিত সুদ আয়খাতে স্থানান্তর ও অবলোপনকৃত ঋণ আদায়ের বার্ষিক লক্ষ্যমাত্রা অর্জিত না হওয়ার কারণে ২০১৮-২০১৯ অর্থ বছর শেষে অত্র ব্যাংক লোকসানের সম্মুখীন হয়েছে, যা কোনভাবেই কাম্য ছিল না।

০২। ব্যাংকের স্বার্থ অক্ষুন্ন রাখা, আর্থিক ভিত্তি মজবুতকরণ ও আয় বৃদ্ধির লক্ষ্যে ২০১৯-২০২০ অর্থবছরে শ্রেণীকৃত ঋণ ও শ্রেণীযোগ্য ঋণ স্থিতির সম্পূর্ণ অংশ ঋণ আদায় লক্ষ্যমাত্রা দেয়া হয়েছে। উক্ত লক্ষ্যমাত্রার শতভাগ অর্জন নিশ্চিত করে শ্রেণীকৃত ঋণ (নন-পারফর্মিং লোন) স্থিতির পরিমাণ উল্লেখযোগ্য পরিমাণে হ্রাসকরণ এবং অবলোপনকৃত ঋণ, ৫২-স্থগিত সুদবাহী শ্রেণীকৃত ঋণ ও পুনঃতফসিলিকৃত ঋণ অধিক পরিমাণে আদায় নিশ্চিতকরণপূর্বক ব্যাংকের আয় বৃদ্ধির লক্ষ্যে বাস্তবভিত্তিক কর্মপরিকল্পনা গ্রহণ ও তা বাস্তবায়নে কার্যকর ব্যবস্থা গ্রহণ একান্ত আবশ্যক।

০৩। **২০১৯-২০২০ অর্থ বছরে ঋণ বিতরণ ও আমানত সংগ্রহে গতিশীলতা বজায় রাখার লক্ষ্যে মাঠ কার্যালয়সমূহ ৩,৩৫,০০০ জন নতুন ঋণগ্রহীতাকে ঋণ প্রদান, ৫,০০,০০০ লক্ষ নতুন কম সুদবাহী আমানত হিসাব খোলাসহ ১,৭৫,০০০ নতুন প্রবর্তীত আমানত স্কীমের আওতায় হিসাব খুলতে হবে। মাঠ কার্যালয়ে নিয়োজিত নির্বাহী ও প্রমোটারগণকে বিশেষ করে শ্রেণীকৃত ঋণ, শ্রেণীযোগ্য-১ ও ২, ৫২-স্থগিত সুদ হতে আদায়, পুনঃতফসিলিকৃত ঋণ এবং অবলোপনকৃত ঋণ আদায়ে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**

০৪। ২০১৯-২০২০ অর্থ বছরের বার্ষিক ঋণ আদায় লক্ষ্যমাত্রার শতভাগ অর্জন, অধিক পরিমাণে শ্রেণীকৃত ঋণ আদায় করে নন-পারফর্মিং লোন (শ্রেণীকৃত ঋণ/CL) উল্লেখযোগ্য পরিমাণে হ্রাসকরণ, শ্রেণীযোগ্য ঋণ সুদসহ সম্পূর্ণ আদায়করণ এবং পুনঃতফসিলিকৃত ঋণ নির্ধারিত দেয় তারিখের মধ্যে আদায় নিশ্চিত করে পুনরায় শ্রেণীকৃত ঋণে পরিণত হওয়া রোধকরণ, লাভজনক খাতে গুণগত মানসম্পন্ন ঋণ বিতরণ করে পারফর্মিং এ্যাসেট (অশ্রেণীকৃত ঋণ/UC) বৃদ্ধি করে ব্যাংকের আর্থিক ভিত্তি মজবুত এবং আয় বৃদ্ধির লক্ষ্যে সুনির্দিষ্ট ঋণ আদায় কর্মপরিকল্পনা প্রণয়ন ও তা যথাযথভাবে বাস্তবায়নের জন্য নিম্নবর্ণিতভাবে ২০১৯-২০২০ অর্থ বছরের বার্ষিক ঋণ আদায় ক্যালেন্ডার প্রণয়ন করা হলো ঃ

(ক) **ঋণ আদায়ের বিশেষ কর্মসূচি গ্রহণের সময়কাল ও ঋণ আদায় ক্যাম্প/মহাক্যাম্প আয়োজনের তারিখ ঃ**

| ক্রঃনং | মাসের নাম | ঋণ আদায়ের বিশেষ কর্মসূচি গ্রহণের সময়কাল | মহাক্যাম্প আয়োজনের তারিখ |
|---|---|---|---|
| ০১ | অক্টোবর, ২০১৯ | ০১ অক্টোবর হতে ৩১ অক্টোবর, ২০১৯ | ০৭, ১৭, ২৩ ও ৩০ অক্টোবর, ২০১৯ |
| ০২ | নভেম্বর, ২০১৯ | ০৩ নভেম্বর হতে ২৮ নভেম্বর, ২০১৯ | ০৬, ১৭ ও ২৮ নভেম্বর, ২০১৯ |
| ০৩ | ডিসেম্বর, ২০১৯ | ০১ ডিসেম্বর হতে ২৬ ডিসেম্বর, ২০১৯ | ০৫, ১২, ১৯ ও ২৬ ডিসেম্বর, ২০১৯ |
| ০৪ | জানুয়ারি, ২০২০ | ০১ জানুয়ারি হতে ৩০ জানুয়ারি, ২০২০ | ০৮, ১৬, ২২ ও ৩০ জানুয়ারি, ২০২০ |
| ০৫ | ফেব্রুয়ারি, ২০২০ | ০২ ফেব্রুয়ারি হতে ২৭ ফেব্রুয়ারি, ২০২০ | ০৬, ১১, ১৮ ও ২৬ ফেব্রুয়ারি, ২০২০ |
| ০৬ | মার্চ, ২০২০ | ০১ মার্চ হতে ৩১ মার্চ, ২০২০ | ০৫, ১৫, ২২ ও ৩০ মার্চ, ২০২০ |
| ০৭ | এপ্রিল, ২০২০ | ০১ এপ্রিল হতে ৩০ এপ্রিল, ২০২০ | ০৫, ১৩, ২২ ও ৩০ এপ্রিল, ২০২০ |
| ০৮ | মে, ২০২০ | ০৩ মে হতে ৩১ মে, ২০২০ | ০৫, ১৭ ও ৩১ মে, ২০২০ |
| ০৯ | জুন, ২০১৯ | ০১ জুন হতে ২৩ জুন, ২০২০ | ০৪, ১১, ১৮ ও ২৩ জুন, ২০২০ |

(খ) স্থানীয় মুখ্য কার্যালয়/কর্পোরেট শাখা/শাখাসমূহ উল্লেখিত মহাক্যাম্পের নির্ধারিত তারিখে মাঠকর্মীদের সমন্বয়ে শাখা প্রাঙ্গনে অথবা সুবিধাজনক স্থানে ক্যাম্প/মহাক্যাম্পের আয়োজন করবে;

(গ) উল্লিখিত মহাক্যাম্প আয়োজনের দিন ছাড়াও প্রতি সপ্তাহে সুবিধাজনক দিন ও সময়ে মাঠকর্মী ভিত্তিক ঋণ আদায়ের ক্যাম্প/মহাক্যাম্প আয়োজন করবে;

(ঘ) উল্লেখ্য, উপরোক্ত ঋণ আদায় মহাক্যাম্প আয়োজনের নির্ধারিত তারিখ পরবর্তীতে সরকারী ছুটির আওতাভুক্ত হলে, সংশ্লিষ্ট দিনের ঋণ আদায় মহাক্যাম্প পরবর্তী কার্যদিবসে আয়োজন করতে হবে।

(ঙ) এ ছাড়াও, ১৭ নভেম্বর/২০১৯ তারিখে নবান্ন উৎসব, ১৩এপ্রিল/২০২০ তারিখে শুভহালখাতা এবং ১৭মে/২০২০ তারিখে মধুমেলার মূল অনুষ্ঠান আয়োজন করতে হবে। উল্লেখ্য নবান্ন উৎসব, শুভ হালখাতা ও মধুমেলা অনুষ্ঠান আয়োজনে পরবর্তীতে প্রয়োজনীয় বিশদ নির্দেশনা প্রদান করা হবে।

চলমান পাতা-০২

০৫। উল্লিখিত ঋণ আদায় ক্যালেন্ডার মোতাবেক ঋণ আদায় মহাক্যাম্প/ক্যাম্প আয়োজন এবং তা সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে নিম্নোক্ত বিষয়ে সর্বাধিক গুরুত্বারোপ করতে হবেঃ

(০১) ঋণ গ্রহীতাদের তালিকা হালনাগাদকরণ;

(০২) নোটিশ জারীকরণঃ ডিউ ডেট রেজিস্টার হালনাগাদ করে প্রযোজ্য ক্ষেত্রে ডিমান্ড, লিগ্যাল ও বিশেষ নোটিশ জারীকরণ;

(০৩) ঋণ গ্রহীতাদের সাথে ব্যক্তিগত যোগাযোগ বৃদ্ধিকরণ;

(০৪) শ্রেণীকৃত ঋণ, শ্রেণীযোগ্য ঋণ ও পুনঃতফসিলিকৃত ঋণ আদায় কার্যক্রম ত্বরান্বিতকরণ;

(০৫) শীর্ষ ২০/৫০/১০০ খেলাপী ঋণগ্রহীতাদের নিকট হতে বকেয়া পাওনা আদায়ের লক্ষ্যে শাখা/অঞ্চল ও বিভাগীয় কার্যালয়ের সাথে প্রতি মাসে দ্বি-পাক্ষিক আলোচনা সভার আয়োজনপূর্বক খেলাপী ঋণ আদায়ে কার্যকর ব্যবস্থা গ্রহণ;

(০৬) ৫২-স্থগিত সুদবাহী শ্রেণীকৃত ঋণ, পুনঃতফসিলিকৃত ঋণ ও অবলোপনকৃত ঋণ আদায়ের মাধ্যমে আয় বৃদ্ধিকরণ;

(০৭) তামাদি ঋণ আদায়/নিয়মিতকরণ ও তামাদি রোধকরণ ও ভুয়া ঋণ আদায় কার্যক্রম ত্বরান্বিতকরণ পূর্বক ব্যাংকের ক্ষতি হ্রাসকরণ;

(০৮) অর্থ ঋণ আদালত/সার্টিফিকেট আদালতে দায়েরকৃত মোকদ্দমা নিষ্পত্তিকরণে কার্যকর ব্যবস্থা গ্রহণ;

(০৯) সুদবিহীন ও স্বল্প সুদবাহী আমানত সংগ্রহকরণ;

(১০) লাভজনক খাতে ঋণ বিতরণ নিশ্চিতকরণ

(১১) পুনঃতফসিলিকৃত ঋণ আদায়ঃ আয় বৃদ্ধির লক্ষ্যে এবং পুনরায় শ্রেণীকৃত ঋণে পরিণত হওয়া রোধকল্পে পুনঃতফসিলিকৃত ঋণ লক্ষ্যমাত্রার শতভাগ অর্জনের ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

০৬। উপরোক্ত কার্যক্রমসমূহ সফলভাবে সম্পাদন ও বাস্তবায়নের লক্ষ্যে ঋণ আদায় বিভাগ হতে জারীকৃত ঋণ আদায় মহাবিভাগ পরিপত্র নং- ০১/২০১৯, তারিখ ২৫-০৭-২০১৯ এতদ্‌সংক্রান্ত বিষয়ে প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ হতে জারীকৃত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ ও পরিপালন করতে হবে।

০৭। ঋণগ্রহীতাদের সাথে নিয়মিতভাবে ব্যক্তিগত যোগাযোগ ও ঋণ পরিশোধের তাগিদ প্রদান/উদ্বুদ্ধকরণের কোন বিকল্প নাই। তাই যে সকল এলাকায় অধিক খেলাপী ঋণগ্রহীতা আছে সে সকল এলাকা অগ্রাধিকার দিয়ে স্পট ক্যাম্প/ভ্রমণসূচী প্রনয়নপূর্বক ব্যাপকভাবে মাঠে ভ্রমণ করে ঋণগ্রহীতাদের সাথে ব্যক্তিগত যোগাযোগ ও তাগিদের মাধ্যমে বার্ষিক ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন নিশ্চিত করতে হবে। মাঠকর্মীদের কার্যক্রম শাখা ব্যবস্থাপকগণ কর্তৃক নিবিড়ভাবে তদারকিসহ অর্জিত ফলাফলের ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৮। ঋণ আদায় কার্যক্রমে নিয়ন্ত্রণকারী কার্যালয়ের সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীদেরকে সম্পৃক্তকরণঃ উল্লিখিত ঋণ আদায় ক্যাম্প/মহাক্যাম্প সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে বিভাগীয় কার্যালয়/মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ে কর্মরত সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীসহ শাখা পর্যায়ে শাখা ব্যবস্থাপকগণ প্রত্যেক মাঠকর্মী সহ শাখায় কর্মরত সকল কর্মকর্তা ও কর্মচারীদের সম্পৃক্ত করতে হবে।

০৯। মাঠ পর্যায়ের নিয়ন্ত্রণকারী কার্যালয় কর্তৃক ঋণ আদায় কার্যক্রম তদারকিকরণঃ শাখাসমূহ কর্তৃক আয়োজিত ক্যাম্প/মহাক্যাম্প সফল করার লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম সম্পাদনে নির্দেশনা প্রদানের বিষয়ে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ বিশেষভাবে গুরুত্বারোপ করবেন। বিভাগীয় মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়ের সকল উপ-মহাব্যবস্থাপক, বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক ও আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তাগণকে উল্লিখিত ঋণ আদায়ের বিশেষ কর্মসূচিসমূহ সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে কর্পোরেট শাখা/শাখাসমূহ কর্তৃক আয়োজিত ঋণ আদায় ক্যাম্প/মহাক্যাম্পে উপস্থিত থাকবেন। ক্যাম্প/মহাক্যাম্প আয়োজন এবং ঋণ আদায় কর্মসূচির সফল বাস্তবায়নে কর্পোরেট শাখা/শাখা পর্যায়ে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারীর গাফিলতি পরিলক্ষিত হলে তাৎক্ষনিকভাবে তাঁর বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১০। প্রধান কার্যালয়ের উর্ধতন নির্বাহীগণ কর্তৃক ঋণ আদায় কার্যক্রম তদারকিকরণঃ উপরোক্ত বার্ষিক ঋণ আদায় ক্যালেন্ডার অনুযায়ী ঋণ আদায়ের বিশেষ কর্মসূচি গ্রহণ ও তা বাস্তবায়নের লক্ষ্যে মাঠ কার্যালয়সমূহের কার্যক্রম প্রধান কার্যালয়ের উর্ধতন নির্বাহী/ প্রমোটরগণ কর্তৃক নিয়মিতভাবে তদারকি কার্যক্রম অব্যাহত রাখতে হবে।

১১। উপর্যুক্ত অবস্থায়, ২০১৯-২০২০ অর্থ বছরের জন্য প্রণীত ঋণ আদায় ক্যালেন্ডার অনুযায়ী ঋণ আদায় ক্যাম্প/মহাক্যাম্প সফলভাবে আয়োজন করে ব্যাংকের সার্বিক কার্যক্রম গতিশীল ও জোরদারকরণ পূর্বক বার্ষিক ঋণ আদায়, ঋণ বিতরণ ও আমানত সংগ্রহসহ সকল ব্যবসায়িক লক্ষ্যমাত্রার ১০০% অর্জন এবং ৩০-০৬-২০২০ সূত্র তারিখে শ্রেণীকৃত ঋণ স্থিতির হার শুন্যের কোঠায় নামিয়ে আনার কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

(মোঃ আজিজুল বারী)
মহাব্যবস্থাপক
ঋণ আদায় মহাবিভাগ (অতিঃ দায়িত্বে)

নং-প্রকা/আদায়-৮(৫৯)/২০১৯-২০২০/৪১১(১২০০)

তারিখঃ ৩০-০৯-২০১৯ খ্রিঃ

সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি ঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।

০২। স্টাফ অফিসার, সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।

০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।

০৪। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।

০৫। সচিব, পর্ষদ সচিবালয়/সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, প্রকা, ঢাকা। উক্ত পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে প্রকাশের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ,বিকেবি,প্রকা, ঢাকাকে অনুরোধ করা হলো।

০৬। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।

০৭। নথি/মহানথি।

৩০/০৯/২০১৯

(রাজ্জাকুল হায়দার চৌধুরী)
উপ-মহাব্যবস্থাপক